স্নাতক পাঠক্রম (B.D.P.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা (Term End Examination) :

ডিসেম্বর, ২০১২ ও জুন, ২০১৩

বাংলা (Bengali)

ঐচ্ছিক পাঠক্রম (Elective)

ষষ্ঠ পত্র (6th Paper : **Natak O Moncho Ebong Sahityer Rupabhed**)

সময় ঃ চার ঘণ্টা **পূর্ণমান ঃ ১০০**

(মানের গুরুত্ব ঃ ৭০%)

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে।

অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

১। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন ঃ ২০ × ২ = ৪০

(ক) দীনবন্ধু মিত্রের 'নীলদর্পণ' নাটকের রস পরিণতির কথা মাথায় রেখে নাটকটির একটি সামগ্রিক মূল্যায়ন করুন।

(খ) 'রথের রশি' রচনার রাজনৈতিক-সামাজিক প্রেক্ষাপটটি সংক্ষেপে আলোচনা করে এই রচনায় সে 'প্রেক্ষাপট' কীভাবে ব্যবহৃত হয়েছে আলোচনা করুন।

(গ) 'নবান্ন'-কে অনেকে 'দুর্গতি ও প্রতিরোধের নাটক' বলেছেন। 'নবান্ন' কী অর্থে 'দুর্গতি'র নাটক, কী অর্থে 'প্রতিরোধের' ? উপযুক্ত প্রসঙ্গ উল্লেখ করে 'দুর্গতি' ও 'প্রতিরোধের' পরিচয় দিন।

[পরের পৃষ্ঠায় দ্রষ্টব্য

(ঘ) গণনাট্য আন্দোলনের সংক্ষিপ্ত পরিচয় দিয়ে বাংলা নাটকে তার উত্তরাধিকার নিয়ে একটি সংক্ষিপ্ত নিবন্ধ লিখুন।

(ঙ) সামাজিক উপন্যাস বর্গটির সংক্ষিপ্ত পরিচয় দিন। বঙ্কিমচন্দ্র ও রবীন্দ্রনাথের একটি করে উপন্যাস আলোচনা করে এই ক্ষেত্রে তাঁদের কৃতিত্বের একটি তুলনামূলক পর্যালোচনা করুন।

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন ঃ ১২ × ৩ = ৩৬

(ক) উনিশ শতকের বাংলা প্রহসন নাটকের একটি সংক্ষিপ্ত পরিচয় দিন।

(খ) প্রবন্ধ সাহিত্যের শ্রেণিবিভাগ করে উপযুক্ত উদাহরণ দিন। প্রাবন্ধিক হিসেবে বঙ্কিমচন্দ্রের মূল্যায়ন করুন।

(গ) বাংলা নাটকের প্রথম যুগে লেবেদফের অবদান বিষয়ে একটি স-তর্ক নিবন্ধ প্রস্তুত করুন।

(ঘ) 'নবান্ন' নাটকে গানের ব্যবহার কতদূর সফল বলে আপনি মনে করেন ? গানগুলির সংক্ষিপ্ত পরিচয় দিয়ে নাটকে এগুলির প্রয়োজনীয়তা কতটা জানান।

(ঙ) 'রথের রাশি' নাটকের নামকরণের ব্যঞ্জনাটি পরিস্ফুট করে বুঝিয়ে দিন কীভাবে এই রচনাটি রবীন্দ্রনাথের পূর্ববর্তী দু-একটি রচনার সঙ্গে সম্পর্কযুক্ত।

(চ) রবীন্দ্রনাটকের মঞ্চাভিনয়ে যে সকল বৈশিষ্ট্য লক্ষ করা যায় সংক্ষেপে সেগুলির পরিচয় দিন। এ প্রসঙ্গে জোড়াসাঁকো পর্ব ও শান্তিনিকেতন পর্বের মধ্যে কোনো তফাৎ আপনি দেখতে পান কি ?

(ছ) 'নীলদর্পণ' নাটকের অন্তে অনেক মৃত্যু, কিন্তু শুধু তার জন্যই এ নাটককে সদর্থে ট্রাজেডি বলা যাবে না। — এই মন্তব্যটি যাথার্থ্য বিচার করুন।

৩। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন ঃ ৬ × ৪ = ২৪

(ক) বাংলা সাহিত্যে প্রথম যথার্থ উপন্যাস কোন্‌টি ? কেন আপনার এ অভিমত ? ১ + ৫

(খ) রবীন্দ্র-উত্তরকালের যে-কোনো একজন গল্পকারের অতিপ্রাকৃত গল্প সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন।

(গ) পত্রোপন্যাস কাকে বলে উদাহরণসহ আলোচনা করুন।

(ঘ) মন্ময় ও তন্ময় কবিতার পার্থক্য উপযুক্ত উদাহরণ সহযোগে বুঝিয়ে দিন।

(ঙ) বাংলার নাট্য আন্দোলনে উৎপল দত্তের অবদান কী সংক্ষেপে বুঝিয়ে দিন।

(চ) ''তোমরা কেবলই করেছ ঋণ,
কিছুই করনি শোধ,
দেউলে করে দিয়েছ যুগের চিত্ত।''
— বক্তা কে ? উদ্ধৃতিটির তাৎপর্য ব্যাখ্যা করুন। ১ + ৫

(ছ) ''আমরা হুজুর, কসায়ের কুকুর, —
নাড়ীভুঁড়িতেই উদর পূর্ণ করি।''
— বক্তা কে ? কাকে এ কথা বলা হয়েছে ? কথাটির তাৎপর্য বুঝিয়ে দিন। ১ + ১ + ৪

(জ) ''এই তো ইতিহাস। উৎরোই আর চড়াই, চড়াই আর উৎরোই।'' — কোন্ প্রসঙ্গে, কে, কাকে একথা বলেছেন ? কথাটির ইঙ্গিত স্পষ্ট করুন। ১ + ১ + ১ + ৩

(ঝ) বাংলা রঙ্গমঞ্চের ইতিহাসে 'ন্যাশনাল থিয়েটারের' গুরুত্ব আলোচনা করুন।

(ঞ) সঠিক উত্তরটি লিখুন :

i) 'জবানবন্দী' নাটকের লেখক
অ) বিজন ভট্টাচার্য
আ) বিনয় ঘোষ
ই) মনোরঞ্জন ভট্টাচার্য।

ii) 'আলালের ঘরের দুলাল'-এর রচনাকাল
অ) ১৮৫২
আ) ১৮৫৮
ই) ১৮৬০।

iii) তারাশঙ্করের 'রাধা' একটি
অ) সামাজিক উপন্যাস
আ) ঐতিহাসিক উপন্যাস
ই) পত্রোপন্যাস।

iv) 'মুক্তমালা'র লেখক
অ) দক্ষিণারঞ্জন
আ) বঙ্কিমচন্দ্র
ই) ত্রৈলোক্যনাথ।

v) অক্ষয়কুমার বড়ালের 'এষা'
অ) ওড্
আ) এলিজি
ই) ব্যালাড।

vi) 'নান্দীমুখ' তৈরি করেন
অ) শম্ভু মিত্র
আ) অজিতেশ বন্দ্যোপাধ্যায়
ই) বিজন ভট্টাচার্য।